

## ভাসানী বিশ্ববিদ্যালয়ে বহিষ্কার ৯ : হল ছাড়লেন শিক্ষার্থীরা

টাকাইল প্রতিনিধি

টাকাইলের সন্তোষে মওলানা ভাসানী  
বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে  
আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে বুধবার  
দুপুরে দু'গ্রন্থের মধ্যে সংঘর্ষে একজনের  
মৃত্যুর ঘটনায় ৯ শিক্ষার্থীকে সাময়িক  
বহিষ্কারসহ অনির্দিষ্টকালের জন্য  
বিশ্ববিদ্যালয়ের রান ও হল বন্ধ ঘোষণা  
করা হয়েছে। এ ঘটনা তদন্তে  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক  
ডিনে প্রফেসর ড. শরীফ এনামুল  
কবিরকে সভাপতি ও বিশ্ববিদ্যালয়ের  
প্রক্টর ড. মোহাম্মদ খাদেমুল ইসলামকে  
সদস্য সচিব করে পাঁচ সদস্যবিশিষ্ট  
উচ্চতর তদন্ত কমিটি গঠন করা হয়েছে।  
বৃহস্পতিবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের  
ডিনে প্রফেসর ড. মো. আলমউদ্দিনের  
সভাপতিত্বে রিকর্ডেট বোর্ডের জরুরি  
সভায় এসব সিদ্ধান্ত নেয়া হয়।

সাময়িক বহিষ্কৃতরা হলেন, রসায়ন  
বিভাগের দ্বিতীয় বর্ষ দ্বিতীয় সেমিস্টারের  
এসএম রবিউল হাসান সাদু,  
এনভায়রনমেন্টাল সায়েন্স অ্যান্ড রিসোর্স  
ম্যানেজমেন্ট বিভাগের দ্বিতীয় বর্ষ প্রথম  
সেমিস্টারের ওমর ফারুক, কম্পিউটার  
সায়ন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের  
চতুর্থ বর্ষ দ্বিতীয় সেমিস্টারের মনিরুল  
ইসলাম মনির ও একই বিভাগের দ্বিতীয়  
বর্ষ দ্বিতীয় সেমিস্টারের মো. আশিকুর  
রহমান, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং  
বিভাগের তৃতীয় বর্ষ দ্বিতীয় সেমিস্টারের  
মোহাম্মদমিনুল কাইয়ুম ও একই বিভাগের  
দ্বিতীয় বর্ষ দ্বিতীয় সেমিস্টারের ওমর  
ফারুক, ইনফরমেশন অ্যান্ড  
কমিউনিকেশন টেকনোলজি বিভাগের  
প্রথম বর্ষ দ্বিতীয় সেমিস্টারের এমএ  
আহাদ দান ও বাবু কিস্তুর দে এবং  
ক্রিমিনোলজি অ্যান্ড পুলিশ সায়েন্স  
বিভাগের চতুর্থ বর্ষ দ্বিতীয় সেমিস্টারের  
মো. সাইদুর রহমান।

ছাত্রলীগের সম্পৃক্ততা নেই : মওলানা  
ভাসানী বিশ্ববিদ্যালয়ে সংঘটিত সংঘর্ষে  
ছাত্রলীগের কোনো সম্পৃক্ততা নেই বলে  
দাবি করেছে ছাত্রলীগ। বৃহস্পতিবার  
সংগঠনের সভাপতি এইচএম  
বদিউজ্জামান সোহাগ ও সাধারণ  
সম্পাদক সিদ্দিকী নাজমুল আলম যৌথ  
বিবৃতিতে এ দাবি করেন।